## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

**পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ**

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৭ই আষাঢ় বুধবার ১৩৬৫ ইংরাজী 2nd July. 1958 { ৭ম সংখ্যা

১১ই আষাঢ় ১৮৮০ শকাব্দ




ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Service

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

### "রাণী রাসমণি"

### শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

### আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৭ই আষাঢ় বুধবার সন ১৩৬৫ সাল।

# কলিকাতায় পশ্চিমবঙ্গ কংগ্রেস রাজনৈতিক-সম্মেলন

—০—

কংগ্রেসের কোন সম্মেলনের কথা মনে হইলেই প্রায় বাঙালীর মনে হয়—১৮৮৫ খৃষ্টাব্দে বোম্বাই সহরে যে সর্ব্বপ্রথম জাতীয় মহাসমিতির (কংগ্রেসের) অধিবেশন হয় তাহাতে সভাপতির আসন গ্রহণ করেন উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় (W. C. Banerjee) ১৮৯২ খৃষ্টাব্দে ইনিই দ্বিতীয়বার কংগ্রেসের (জাতীয় মহাসমিতির) সভাপতির পদ লাভ করেন। আজ পশ্চিম বাংলায় প্রাদেশিক কংগ্রেস সম্মেলনে সভাপতিত্ব করিতে আসিলেন ভারতের কেন্দ্রিয় সরকারের পরিবহন মন্ত্রী শ্রীএস, কে, পাতিল। তিনি ভাষণে বলেন—আগামী ২৫ বৎসরের মধ্যে কংগ্রেসের স্থান গ্রহণ করার মত কোন দল নাই।

ভারতের স্বরাষ্ট্র মন্ত্রী পণ্ডিত গোবিন্দবল্লভ পন্থ বলেন—কংগ্রেস ধ্বংস হইয়া যাইতেছেন বলিয়া যাঁহারা চীৎকার করিতেছেন, তাঁহাদের ধাপ্পায় কংগ্রেস-কর্ম্মীরা যেন না ভোলেন।

সভাপতি শ্রীএস্, কে, পাতিল যে দৃঢ়কণ্ঠে বলিলেন—পঁচিশ বৎসরের মধ্যে কংগ্রেস ক্ষমতা-চ্যুত হইবে না। এটাও তো সর্ব্বনাশা উক্তি। উপস্থিত কংগ্রেসীগণ এই ভবিষ্যদ্বাণী শুনিয়া হাততালি যে কেন দিলেন, তাহা বোঝা গেল না। শ্রী পাতিল মাত্র ২৫ বৎসর কংগ্রেসের আয়ুষ্কাল বলিয়া যেন একটা অমঙ্গলজনক উক্তি করিলেন না কি?

তিনি বোধ হয় লক্ষ্য করিয়াছেন যে তাঁহাকে লইয়া নগর প্রদক্ষিণ করাইবার ব্যবস্থা হয়, তখন বাংলাদেশের নাবালক নাবালিকার পরিবর্ত্তে কংগ্রেস কমিটি সংগ্রহ করিয়াছেন বিপুল সংখ্যক চীনা নাবালক ও নাবালিকা, ইহারাই সূত্রাধরের কাজ করিয়াছে। তাহাদের না পাইলে শোভাযাত্রা ও সম্মেলনে অঙ্গহানি হইত। পশ্চিম বাংলার রাজধানী কলিকাতার বুকের উপর বাঙ্গালী অপেক্ষা চীন আমদানী বেশী দেখিয়া শ্রী পাতিল কংগ্রেসের আয়ু ২৫ বৎসর পর্য্যন্ত আন্দাজ করিয়াছেন। আমরা বলি—পরিকল্পনায় পরিকল্পনায় শূন্য তবিল হইয়া রাজত্ব চালান ছেলেখেলার ধূলোর ভাতে, খোলাং কুচির টাকা দ্বারা হইবে না। শ্রী পাতিল ডি, ভি, সির টাকা লইয়া ছিনিমিনির অবস্থা অনেক ওয়াকিবহাল আছেন। ২৫ বৎসর বলিয়াছেন বেশ করিয়াছেন। ইংরেজ ২০০ বৎসরের পার না হইতেই প্রস্থান করিল—সেখানে কংগ্রেসীরা পুত্র-পৌত্র-প্রপৌত্র-ক্রমে পরম সুখে এইদেশ ভোগ দখল করিবেন একথা বলা কি ভাল হইত?

এই সম্মেলনে পশ্চিম বাংলাকে সর্ব্বনাশ হইতে রক্ষা করার ফরাক্কা বাঁধ নির্ম্মাণ করার প্রস্তাব ডাঃ শ্রীনলিনাক্ষ সান্যাল, শ্রীবিমলচন্দ্র সিংহ প্রমুখ সভ্যবৃন্দ প্রস্তাব করার পর শ্রী পাতিল সহানুভূতিসূচক ভাষণে উহা সমর্থন করেন। প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় এই বাঁধ নির্ম্মাণ স্থান পায় নাই। দ্বিতীয় পঞ্চবার্ষিকেও স্থান পায় নাই। এখন শ্রী পাতিলের সমর্থন বাতিল হয় কি না। দেখা যাক।

## শুভদিনে শুভ সংঘটন

এবার ১লা জুলাই পশ্চিম বাংলায় প্রাদেশিক কংগ্রেসের সম্মেলন উপলক্ষে স্বরাষ্ট্র মন্ত্রী পণ্ডিত পন্থ ও সভাপতি শ্রীএস্, কে, পাতিলের উপস্থিতি-তেই পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের জন্মদিনোৎসবের সেবাইত প্রাদেশিক কংগ্রেসাধিপ শ্রীঅতুল্য ঘোষ উক্ত শুভ মাঙ্গলিক অনুষ্ঠান সম্পন্ন করিবার এবং কেন্দ্রের মন্ত্রীদের দেখাইবার সুযোগ লাভ করিয়াছেন। এবার জন্মদিনে জাতকের বাসভবনের প্রাঙ্গণে (বলিলেই হয়) এই শুভকার্য্য সম্পন্ন হইয়াছে। ওয়েলিংটন স্কোয়ার (বর্ত্তমানে সুবোধ মল্লিক স্কোয়ার) এ শুভকার্য্য সম্পন্ন হইয়াছে। এবারও অন্যান্য বারের মত ১ লক্ষ টাকার একখানি চেক শ্রীঘোষ শ্রীবিধানচন্দ্রের হস্তে দিবা-মাত্র তিনি তাহা প্রত্যর্পণ করিয়া সৎকর্ম্মে ব্যয়ের নির্দ্দেশ দিয়াছেন। এই উপঢৌকন ও তাহা প্রত্যর্পণ "দেবা ন জানন্তি কুতো মনুষ্যাঃ।" **কলিকাতা পলাতকা বা মৃত** এই বাক্য যিনি বা যাঁহারা বলিয়াছেন—তাঁহাদের চোখের সামনে ধরিয়া বলি তাঁদের কথার সত্যতা নাই। আর ভারতের সমস্ত রাজ্যের মুখ্য মন্ত্রীদের বলি পশ্চিম বঙ্গের মুখ্যমন্ত্রীর জন্মদিনে যে টাকার খেলা হয় তাহা ভারতে কোনও রাজ্য কল্পনা করিতে পারে কি?

আমরা এই জন্মদিনের জাতককে সম্বোধন করিয়া বলি—শতায়ু ভব বলিলে আয়ুর একটা সীমা ১০০ বৎসর হয়। আমরা বলি—আপনার যতদিন ইচ্ছা ততদিন ধরাধামে বিরাজ করিয়া দেশকে দারুণ সমস্যা হইতে উদ্ধার করুন। রাজনীতি ক্ষেত্রে তাঁহার অভাব হইলে—এই ক্ষমতা লোলুপ নেতা নামধারী জীবগুলি হাতাহাতি, কামড়া-কামড়ি সুরু করিবে। আজ অহিভূষণ ভট্টাচার্য্য রচিত "সুরথ উদ্ধার" নাটকের দিবদাসের উক্তি "আপন বুঝে চল এই বেলা" গানটি মনে পড়ে।

হবে শ্যাল কুকুরে খ্যাঁকা খেঁকি গো
শ্মশানে ভূতের খেলা।
আপন বুঝে চলো এই বেলা।

---

## গ্রাম রক্ষীদলের কৃতিত্ব

রঘুনাথগঞ্জ থানার নওদা গ্রামরক্ষী দলের কৃতিত্বে গত ২০শে জুন গনকর ষ্টেশনের নিকট একদল চোর ধরা পড়িয়াছে। ঘটনার বিবরণে প্রকাশ, একদল লোক গভীর রাত্রিতে ঘোড়া লইয়া ধান ক্রয় করার ভান করিয়া যাইতেছিল, তাহাদিগকে গনকর ষ্টেশনের নিকট গ্রামরক্ষী দল আটক করে। তল্লাস করিয়া ঘোড়ার পিঠের বস্তা হইতে বাহির হয় সিঁদকাঠি ও অন্যান্য যন্ত্রপাতি। রক্ষীদল তাহাদিগকে আটকাইয়া সঙ্গে সঙ্গে থানায় খবর দেয়। থানা হইতে পুলিশ ঘটনাস্থলে গিয়া এগার জন লোক ও ৮টী ঘোড়াকে রঘুনাথগঞ্জ থানায় চালান দেয়। লোকগুলি রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত রাণীনগর গ্রামের অধিবাসী।

---

## ভারতে পুলিশের সংখ্যা সাড়ে চারলক্ষ

ভারতে ৮০০ জন লোক পিছু এবং ২'৫ বর্গ মাইলে একজন করিয়া পুলিশ আছে। ইউনিফর্ম্ম ও সাদা পোষাকপরা পুলিশের সংখ্যা হইল সাড়ে চার লক্ষ। উহারা, বিশেষ করিয়া পল্লী অঞ্চলের পুলিশেরা পীড়িত ও দুর্গতদের সাহায্য করে, ভ্রমণকারীদের পথনির্দ্দেশ দেয়, মহামারী প্রতিরোধে সক্রিয় অংশ গ্রহণ করে এবং অনুরূপ নানা কাজ করিয়া থাকে। —প্রেঃ ইঃ ব্যুঃ

---

## বনমহোৎসব—১৯৫৮

১৯৫০ সন হইতে বনমহোৎসব আমাদের দেশে জাতীয় উৎসবরূপে পালিত হইতেছে। দেশের সমৃদ্ধি এবং অগ্রগতির জন্য বনসম্পদ একান্ত প্রয়োজন। বনসম্পদ হইতেই আমরা জীবনধারণের নানাবিধ উপকরণ পাই, তাছাড়া জমির সরসতা এবং উর্ব্বরতা রক্ষার জন্য বন অপরিহার্য্য। তাই আমি সমগ্র জিলাবাসীর কাছে আবেদন জানাইতেছি তাঁহারা এবারও বিপুল উৎসাহে এই উৎসব পালন করুন। ১লা জুলাই হইতে ৩১শে জুলাই পর্য্যন্ত আনুষ্ঠানিক ভাবে এই উৎসব পালিত হইবে। এই সময়ঃ

১। আপনি আপনার নিজ জমিতে বৃক্ষ রোপণ করুন।

২। রোপিত বৃক্ষকে রক্ষা করিবার উপযুক্ত ব্যবস্থা করুন।

৩। বৃক্ষরোপণ উপলক্ষে স্থানে স্থানে অনাড়ম্বর আনন্দোৎসবের অনুষ্ঠান করুন।

মনে রাখিবেন দেশের প্রতি এবং ভবিষ্যৎ বংশধরদের প্রতি ইহা আপনার পুণ্য কর্ত্তব্য।

জিলার বন বিভাগ এই উপলক্ষে কিছু চারা বিতরণ করিবেন। ফলবান বৃক্ষের চারাও কিছু কিনিতে পাওয়া যাইবে মূল্য নিম্নরূপ। সমগ্র জিলার চাহিদার তুলনায় এই সব চারার সংখ্যা খুব অল্প। আপনি নিজ চেষ্টায় চারা সংগ্রহ করিতে পারিবেন আশা করি।

আপনার সহযোগিতায় বনমহোৎসব সার্থক হোক।

**শ্রীযশোদাকান্ত রায়,** জেলা শাসক ও জেলা বনমহোৎসব সমিতির সভাপতি, মুর্শিদাবাদ।

নবম বাষিক বনমহোৎসব উপলক্ষে রোপণ করিবার জন্য বিভিন্ন প্রকার বনজ ও ফলবান বৃক্ষের চারা সুলভ মূল্যে পাওয়া যাইবে।

ফলবান বৃক্ষের চারার মূল্য নিম্নরূপ :—

আমের কলম প্রতিটি ১॥০, লিচুর গুটি প্রতিটি ১৲, পেয়ারার গুটি প্রতিটি ৭৫ নয়া পয়সা বিভিন্ন প্রকার লেবুর চারা প্রতিটি ৮৭ নয়া পয়সা, কাঁটালের চারা প্রতিটি ২৫ নয়া পয়সা, কলা ( বিভিন্ন প্রকার ) মর্ত্তমান ১০০টি ২৫-, কাবুলি অথবা চাঁপা ১০০টি ২০৲, কাঁচাকলা ১০০টি ১২'৫০ নয়া পয়সা ইহা ছাড়া রাধাচূড়া কৃষ্ণচূড়া প্রভৃতি নানারূপ সুদৃশ্য গাছের চারা ও বিভিন্ন প্রকার ফুলগাছের চারাও পাওয়া যাইবে। আনিবার ব্যয় স্বতন্ত্র। নিকটস্থ কৃষি অফিস অথবা জাতীয় সম্প্রসারণ কেন্দ্রের সহিত পূর্ব্বাহ্নে যোগাযোগ স্থাপন করিতে হইবে।

---

## সরকারী বিজ্ঞপ্তি

মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকারের নোটিশ বোর্ডে এবং জেলার প্রান্তবর্ত্তী মহকুমা-শাসকদের নোটিশ বোর্ডে যে সকল ব্যক্তি জনসাধারণের ব্যবহার্য্য গাড়ীর পারমিট এবং সাধারণের ব্যবহার্য্য গাড়ীর ও যাত্রিবাহী গাড়ীর পারমিট পুনর্নবীকরণের জন্য আবেদন করিয়াছেন তাঁহাদের নামের তালিকা টাঙাইয়া দেওয়া হইয়াছে। এই সম্পর্কে কোন নিবেদন থাকিলে এই নোটিশ প্রকাশিত হইবার ৩০ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করা যাইবে।

স্বাঃ—বি, কে বন্দ্যোপাধ্যায় সচিব, আঞ্চলিক পরিবহন প্রাধিকার, মুর্শিদাবাদ।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### *নিলামের দিন ১৪ই জুলাই ১৯৫৮*

১৯৫৮ সালের ডিক্রীজারী

৪ খাং ডিঃ অমানো বর্ম্মণ্যা দেং সুধীরকুমার রায় দাবি ৪৬ টাকা ৮৮ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাশিয়াডাঙ্গা ২-৬৫ শতকের কাত ৭॥০ আঃ ১০৲ খং ১৬৪ স্থিতিবান স্বত্ব

৬ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৪ টাকা ৫১ নঃ পঃ মৌজাদি ঐ ২৮ শতকের কাত ১৵৪ আঃ ১০৲ খং ১৬৯ ঐ স্বত্ব

৭ খাং ডিঃ ঐ দেং সুধীরকুমার রায় দিং দাবি ৪৩ টাকা ২৯ নঃ পঃ মৌজাদি ঐ ১-১৩ শতকের কাত ৪॥০ আঃ ১০৲ খং ১৬৮ ঐ স্বত্ব

৩৬ খাং ডিঃ অনিলকুমার সেন দিং দেং গয়েশ্বরী দাসী দাবি ২২ টাকা ৩১ নঃ পঃ থানা সুতী মৌজে আলোয়ানী ১-৬ শতকের কাত ৭৲৮ আঃ ১৫৲ খং ৮৫ স্থিতিবান স্বত্ব

---

## *চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত*

### *নিলামের দিন ২১শে জুলাই ১৯৫৮*

১৯৫৮ সালের ডিক্রীজারী

১৯ খাং ডিঃ সাধনকুমার চক্রবর্ত্তী দেং ইউনুস বিশ্বাস দিং দাবি ১২ টাকা ৫০ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে কিসমত বুজরুক ফতেপুর ৭১ শতকের কাত ২৵০ আঃ ৫৲ খং ৭ রায়ত স্থিতিবান

২১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২ টাকা ৭০ নঃ পঃ মৌজাদি ঐ ২-৬০ শতকের কাত ১০৵৪ আঃ ২০৲ খং ৩৫ ঐ স্বত্ব

২০ খাং ডিঃ ঐ দেং বদরুদ্দিন বিশ্বাস দিং দাবি ১৮ টাকা ৩ নঃ পঃ থানা ঐ মৌজে কিসমত ফতেপুর ১-২৬ শতকের কাত ৪৮/০ আঃ ১২৲ খং ৩৩ ঐ স্বত্ব

২২ খাং ডিঃ বিধুভূষণ চক্রবর্ত্তী দেং ইউনুস মহম্মদ বিশ্বাস দিং দাবি ২৬ টাকা ৪৫ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে পাউলী ৮৩ শতকের কাত ২৲ আঃ ৫৲ খং ১৯১ রায়ত স্থিতিবান

১৯৫৭ সালের ডিক্রীজারী

৬৫ খাং ডিঃ নরেন্দ্রনাথ মুখোপাধ্যায় দিং দেং নলিনীকুমার চৌধুরী দিং দাবি ৩০ টাকা ৮৩ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে খেরুর ১-৮৫ শতকের কাত ২৵১২ আঃ ২৫৲ খং ৭৩৪ রায়ত স্থিতিবান

১৪২ খাং ডিঃ জাফর হোসেন মণ্ডল দেং কোরবান কাজি দিং দাবি ২৬ টাকা ৪৮ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে শীতলপাড়া ১-৪৮ শতকের কাত ৫॥৵১৫০ আঃ ১০৲ খং ৩৬৫

---






বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



**সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ**
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

KA-13



## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্টইউনিয়ন"  টেলিফোন: বড়বাজার ৪১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট:—**ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত